SALCO
South Asian Legal Clinic of Ontario

# চাইল্ড সাপোর্ট বা সন্তানের ভরণপোষণ

## চাইল্ড সাপোর্ট ব্যবস্থা কী?

বাবা-মা আলাদা হওয়ার বা বিবাহবিচ্ছেদের সিদ্ধান্ত নিলে বাবা-মায়ের মধ্যে যেকোনো একজনকে তাদের সন্তানদের আর্থিক অবলম্বনের জন্য অর্থ প্রদান করতে হবে। একেই চাইল্ড সাপোর্ট বা সন্তান ভরণপোষণ ব্যবস্থা বলা হয়।

স্বামী বা স্ত্রী কিংবা সাধারণ-আইনি সঙ্গী থেকে আলাদা হওয়ার সাথে সাথেই চাইল্ড সাপোর্ট বা সন্তান ভরণপোষণের দায়িত্বের বাধ্যবাধকতা শুরু হয়।

যে অভিভাবক সন্তানের সাথে সবচেয়ে কম সময় ব্যয় করেন (প্রদানকারী) তিনি সাধারণত যে অভিভাবক বেশিরভাগ সময় সন্তানের পরিচর্যা করেন তাকে সহায়তা অর্থ প্রদান করেন। যেসব ক্ষেত্রে বাবা/মা উভয়ই সন্তানের সাথে সমান পরিমাণ সময় ব্যয় করেন, সেসব ক্ষেত্রে যার আয় বেশি তাকেই সন্তানের ভরণপোষনের অর্থ প্রদান করতে হতে পারে। বাবা/মা উভয়েই সন্তানদের আর্থিকভাবে সহায়তা করার জন্য আইনত দায়বদ্ধ।

আর্থিক সহায়তার প্রয়োজন নেই মর্মে বাবা-মা উভয়েই একমত হলেও আদালত সচরাচর সন্তানকে আর্থিক সহায়তা প্রদানের জন্য বাবা অথবা মায়ের প্রতি আদেশ জারি করে।

## চাইল্ড সাপোর্ট বা সন্তানের ভরণপোষণ ব্যবস্থার উদ্দেশ্য:

- সন্তানের পরিচর্যার খরচ মেটাতে সহায়তা করা



SALCO
South Asian Legal Clinic of Ontario

## কে চাইল্ড সাপোর্ট ব্যবস্থায় অর্থ প্রদান করেন?

- বাবা/মা
- জন্ম দেননি এমন বাবা/মা
- পালক বাবা/মা
- সৎ-বাবা/মা (সৎ- বাবা/মায়ের সাথে শিশুর নিজের বাবা/মায়ের মতো একই ধরনের সম্পর্ক রয়েছে বলে আদালত বিশ্বাস করলে)

সন্তানের ভরণপোষণ প্রদানের জন্য আপনার বিবাহিত হওয়ার প্রয়োজন নেই।

সন্তানের ভরণপোষণ প্রদান করা আইনত সম্পূর্ণ ভাবে আবশ্যক। আপনি সন্তানের সাথে বসবাস না করলেও বা তাদের সাথে আপনার দেখা সাক্ষাৎ না হলেও আপনাকে এটা দিতে হবে।

## আমি কতটা চাইল্ড সাপোর্ট পেতে পারি?

সহায়তার পরিমাণ নিম্নলিখিত বিষয়সমূহের উপর নির্ভর করবে:

- যে বাবা/মা সন্তান সহায়তা প্রদান করবেন তার আয়
- কটি সন্তানের জন্য অর্থ সহায়তা প্রদান করতে হচ্ছে

চাইল্ড সাপোর্টের পরিমাণ নির্ধারণ করার কিছু নিয়ম রয়েছে। বেশিরভাগ ক্ষেত্রে এই পরিমাণ হিসাব করা হয় ফেডারেল চাইল্ড সাপোর্ট গাইডলাইন্স বা কেন্দ্রীয় সন্তান ভরণপোষণ নির্দেশিকা (যেসব মা/বাবা উভয়েই ম্যানিটোবা, কুইবেক এবং নিউ ব্রান্সউইকে থাকেন তারা ছাড়া যেসব দম্পতি বিবাহিত এবং বিবাহবিচ্ছেদ চাইছেন) বা প্রাদেশিক বা আঞ্চলিক নির্দেশিকা (যেসব দম্পতি বিবাহিত নয়, কিংবা বিবাহিত কিন্তু বিবাহবিচ্ছেদ না নিয়ে আলাদা থাকার সিদ্ধান্ত নিয়েছেন) অনুসরণ করে। এসব নির্দেশিকায় সেই সব সারণী রয়েছে যেখানে প্রদানকারীর মোট বার্ষিক আয় এবং আপনার সন্তানের সংখ্যার উপর ভিত্তি করে আপনি কত মাসিক সহায়তা পেতে পারেন তা জানতে পারবেন। এই পরিমাণ "নির্ধারিত পরিমাণ" বা টেবল আমাউন্ট হিসাবেও পরিচিত।

উদাহরণস্বরূপ: আপনার দুটি সন্তান থাকলে এবং কর কর্তনের পূর্বে $৪০,০০০ উপার্জন করলে ফেডারেল চাইল্ড সাপোর্ট নির্দেশিকা অনুযায়ী আপনাকে মাসিক $৫৯৭ সন্তান ভরণপোষন প্রদান করতে হবে।

চাইল্ড সাপোর্ট নির্দেশিকা অনুযায়ী আপনাকে মাসিক $৫৯৭ সন্তান ভরণপোষন প্রদান করতে হবে।

ফেডারেল চাইল্ড সাপোর্ট নির্দেশিকার জন্য একটি অনলাইন ক্যালকুলেটর এখানে পাওয়া যাবে:

**https://www.justice.gc.ca/eng/fl-df/child-enfant/2017/look-rech.aspx**

SALCO
South Asian Legal Clinic of Ontario

## মাসিক অর্থ সহায়তার উদ্দেশ্য হলো দৈনন্দিন খরচ মেটানো, যেমন:

- ভাড়া
- বিল
- মুদিখানা সামগ্রী
- পোশাক
- স্কুলের সরঞ্জামাদি

## বিশেষ বা ব্যতিক্রমী খরচ

বিশেষ বা ব্যতিক্রমী খরচ হলো অতিরিক্ত খরচ যা নির্ধারিত পরিমাণে অন্তর্ভুক্ত নয়। এটা "সেকশান ৭ ব্যয়" নামেও পরিচিত। অর্থ সহায়তা প্রদানকারীকে নির্ধারিত পরিমাণ ছাড়াও এই ব্যয় বহন করতে হবে।

## সেকশন ৭ ব্যয়ের কিছু উদাহরণ হলো:

- শিশু পরিচর্যাজনিত ব্যয়
- স্বাস্থ্যজনিত ব্যয়, দাঁতের চিকিৎসা, চশমা ইত্যাদি
- পাঠক্রম বহির্ভূত কার্যক্রম
- গৃহশিক্ষক বা বেসরকারি স্কুলের খরচ

সেকশান ৭ ব্যয় হিসাবে বিবেচিত হতে ব্যয় অবশ্যই যুক্তিসঙ্গত এবং আবশ্যক হতে হবে।

## সন্তান ভরণপোষণের অর্থ কিভাবে পাওয়া যাবে

১. বিচ্ছেদ চুক্তি - দম্পতি সন্তান ভরণপোষণের অর্থের পরিমাণ কত হবে এবং কত দিন পর পর দিতে হবে সে ব্যাপারে একমত হতে পারেন। এক্ষেত্রে তাদেরকে আদালত প্রক্রিয়া অবলম্বন করতে হবে না।তা সত্তেও চুক্তিটি কার্যকর করতে তা আদালতে দায়ের করা যেতে পারে।

২. আদালত - দম্পতি আদালত প্রক্রিয়া অবলম্বন করতে পারেন এবং বিচারক বিভিন্ন বিষয় বিবেচনা করবেন। বিচারক অর্থ সহায়তার পরিমাণ নির্ধারণ করতে নির্দেশিকা ব্যবহার করবেন। বিচারক অতিরিক্ত বিষয়াদিও বিবেচনা করতে পারেন এবং নির্দেশিকায় উল্লেখিত পরিমাণের চেয়ে বেশি বা কম অর্থ সহায়তা প্রদানের জন্য প্রদানকারীকে আদেশ দিতে পারেন।

SALCO
South Asian Legal Clinic of Ontario

## কতদিন পর্যন্ত সন্তান ভরণপোষণের অর্থ পাওয়া যাবে?

সন্তান যতদিন নির্ভরশীল থাকবে অবশ্যই ততদিন পর্যন্ত সন্তান ভরণপোষণ প্রদান করতে হবে। এটি সাধারণত সন্তানের বয়স ১৮ বছর না হওয়া পর্যন্ত সময়কে বোঝায়।

সন্তান নির্ভরশীল বিবেচিত হবে না যদি:

- তারা বিয়ে করে, বা
- তারা কমপক্ষে ১৬ বছর বয়সী এবং বাড়ি ছেড়ে যাওয়ার সিদ্ধান্ত নেয়।

১৮ বছর বা তার চেয়ে বেশি বয়সী সন্তানও নির্ভরশীল বলে বিবেচিত হতে পারে যদি:

- তারা প্রতিবন্ধিত্ব সম্পন্ন বা অসুস্থ হয়, বা
- তারা পূর্ণকালীন সময়ের জন্য স্কুলে যায়

## সন্তান ভরণপোষণ প্রদান কখন শেষ হয়?

- কোনো লিখিত চুক্তি বা আদালতের আদেশ থাকলে তাতে সন্তান ভরণপোষণ প্রদান শেষ হওয়ার সময় উল্লেখ করা থাকতে পারে ।
- সময় উল্লেখ করা না থাকলে আদালতের আদেশ বা চুক্তি পরিবর্তন না হওয়া পর্যন্ত সন্তান ভরণপোষণ প্রদান অব্যাহত থাকবে।

## আমার সন্তানের অপর অভিভাবক সন্তান ভরণপোষণ অর্থ প্রদান না করলে কী হবে?

আপনি যদি কেউ মনে করেন যে অপর অভিভাবক চুক্তিতে উল্লিখিত সন্তান ভরণপোষণের অর্থ প্রদান করবেন না, তাহলে আপনি পারিবারিক দায়িত্ব কার্যালয়ে (Family Responsibility Office, FRO) চুক্তি নিবন্ধন করতে পারেন। FRO সহায়তার অর্থ প্রদানের বিষয়টি কার্যকর করবে। আদালতের আদেশ স্বয়ংক্রিয়ভাবে FRO-তে পাঠানো হবে, তবে আদালতের বাইরের চুক্তি আদালতে দাখিল এবং তারপর FRO-তে নিবন্ধন করতে হবে।

## চুক্তি FRO-তে নিবন্ধিত হওয়ার পর FRO যা করতে পারে:

- প্রদানকারীর ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে সরাসরি টাকা নিয়ে নেওয়া
- প্রদানকারীর ড্রাইভিং লাইসেন্স স্থগিত রাখা
- প্রদানকারীর বিরুদ্ধে আদালতে মামলা শুরু করা

SALCO
South Asian Legal Clinic of Ontario

## সন্তান ভরণপোষণ ব্যবস্থার পরিবর্তন

আপনার বা আপনার সঙ্গীর পরিস্থিতি পরিবর্তিত হলে আপনাকে সন্তান ভরণপোষণ চুক্তি বা আদেশে পরিবর্তন করতে হতে পারে।

কিভাবে এসব পরিবর্তনের ব্যবস্থাপনা করতে হবে বিচ্ছেদ চুক্তি বা আদালতের আদেশে তা ইতোমধ্যেই উল্লেখ থাকতে পারে। উদাহরণস্বরূপ, কোন পরিস্থিতিতে সন্তান ভরণপোষণ প্রদান শেষ হবে তা এতে উল্লেখ করা থাকতে পারে। সেটা থাকলে নতুন কোনো চুক্তি বা আদালতের আদেশ লাগবে না।

অন্যথায়, পরিবর্তন প্রয়োজন হলে এবং উভয়েই পরিবর্তনের বিষয়ে সম্মত হলে আপনারা নতুন চুক্তির খসড়া তৈরি এবং তাতে স্বাক্ষর করতে পারেন। আপনি আগেই আদালত এবং FRO-তে চুক্তি জমা দিয়ে থাকলে আগেরটি প্রতিস্থাপন করে নতুন চুক্তি জমা দিতে পারেন। আদালতের বিদ্যমান আদেশ পরিবর্তন করতে সম্মত হলে আপনি আদালতে নথি জমা দিতে পারেন এবং আদালতের কাছে নতুন চুক্তির ভিত্তিতে সম্মতি আদেশ জারি করার আবেদন জানাতে পারেন। আপনি নতুন বিচ্ছেদ চুক্তি করতে বা আদেশ পরিবর্তন করতে সম্মত না হলে "বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR)" নামক প্রক্রিয়ার মাধ্যমে আদালতের বাইরে বিষয়টি নিষ্পত্তি করার চেষ্টা করতে পারেন, বা আদালতে গিয়ে বিচারকের কাছে পরিবর্তনের আবেদন জানাতে পারেন।

## চুক্তি হালনাগাদ করার সাধারণ কারণের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- প্রদানকারীর আয় বৃদ্ধি পেয়েছে
- প্রদানকারী চাকরি হারানোর মতো আর্থিক অসুবিধার মধ্য দিয়ে যাচ্ছে
- সন্তান পূর্ণকালীন কাজ শুরু করেছে বা বিয়ে করেছে
- নতুন ধরনের বিশেষ বা অস্বাভাবিক খরচ যোগ হয়েছে